অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 800 মিলিয়ন মার্কিন ডলারের COVID-19 মহামারির ছোট ব্যবসার পুনরুদ্ধারের অনুদাম কর্মসূচীর জন্য আবেদন প্রদান করা এখন চালু হয়েছে

COVID-19 এর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন ছোট ব্যবসাগুলি এখন 50,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করতে পারে

গভর্নর অনুদানের উপর কর মকুব করার আইনের প্রস্তাব করেছেন

গভর্নর কুওমো আজ ঘোষণা করেছেন যে 800 মিলিয়ন মার্কিন ডলারের COVID-19 প্যান্ডেমিক স্মল বিজনেস রিকভারি গ্র্যান্ট প্রোগ্রামের (Pandemic Small Business Recovery Grant Program) জন্য আবেদন গ্রহন করা চলছে এখন। প্রোগ্রামটি নিউ ইয়র্কের ছোট ব্যবসাগুলিকে 1 মার্চ, 2020 থেকে 1 এপ্রিল, 2021 এর মধ্যে COVID-সম্পর্কিত ব্যয়ের জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদান দিয়ে পরিশোধ করে। ছোট ও ক্ষুদ্র ব্যবসা এবং ছোট অলাভজনক স্বাধীন শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলিকে মহামারীর অর্থনৈতিক প্রভাব থেকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য অনুদান প্রদান করা হবে, যেখানে সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান, পরিষেবার কারণে অক্ষম যুদ্ধ-প্রবীণদের মালিকানাধীন ব্যবসা এবং যুদ্ধ-প্রবীণদের মালিকানাধীন ব্যবসা এবং অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে অবস্থিত ব্যবসা সহ সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যবসার মালিকদের অগ্রাধিকার দেওয়া হবে।

"ছোট ব্যবসাগুলি নিউ ইয়র্কের অর্থনীতির সব চেয়ে গুরুত্বপূর্ণ উপাদানগুলির মধ্যে একটি এবং COVID-19 মহামারীর ফলে অর্থনৈতিক বিপর্যয়ের দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়েছিল," **গভর্নর কুওমো বলেন।** "আমরা যখন নিউ ইয়র্ককে আগের চেয়ে আরও ভালভাবে গড়ে তুলছি, তখন এই প্রোগ্রামটি এই ছোট ব্যবসাগুলিকে সাহায্য করবে - বিশেষ করে যাদের সামাজিক বা অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত মালিক রয়েছে - তাদের অর্থনৈতিকভাবে আবার প্রতিষ্ঠিত হতে যাতে তারা আরও উজ্জ্বল, আরও সমৃদ্ধ ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে পারেন।"

এই প্রোগ্রামের জন্য 330,000 এরও বেশি ছোট এবং ক্ষুদ্র ব্যবসা সম্ভাব্যভাবে যোগ্য, স্টেট স্বীকৃত সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান (Minority- and Women- Owned Business Enterprise, MWBE) এর 57 শতাংশ সহ। এই প্রোগ্রামের জন্য আবেদনের সাইটটি সংখ্যালঘু নেতৃত্বাধীন কমিউনিটি ডেভেলপমেন্ট ফিনান্সিয়াল ইনস্টিটিউশন লেন্ড্রিস্ট্রি (Lendistry) দ্বারা চালিত হবে। রাজ্য ছোট ব্যবসার জন্য এই কর্মসূচির প্রচারের জন্য একটি

বিজ্ঞাপন প্রচারণা শুরু করবে, এবং তার সাথে অন্যান্য মহামারী থেকে পুনরুদ্ধারের কর্মসূচির এক সম্ভারও শুরু করবে।

অনুদান সর্বনিম্ন 5,000 মার্কিন ডলার পুরস্কার এবং সর্বাধিক 50,000 মার্কিন ডলার পুরস্কার হবে এবং 2019 সালের নিউ ইয়র্ক স্টেট ব্যবসায়ের বার্ষিক মোট প্রাপ্তির উপর ভিত্তি করে গণনা করা হবে। পরিশোধযোগ্য COVID-19 সম্পর্কিত ব্যয় অবশ্যই মার্চ 1, 2020 থেকে এপ্রিল 1, 2021 এর মধ্যে বহন করা হয়েছে এবং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- বেতনের ব্যয়
- NYS-ভিত্তিক সম্পত্তির জন্য বাণিজ্যিক ভাড়া বা বন্ধকী অর্থ প্রদান
- স্থানীয় সম্পত্তি বা স্কুল করের অর্থ প্রদান
- বিমা খরচ
- ইউটিলিটি খরচ
- কর্মী এবং গ্রাহকের স্বাস্থ্য ও সুরক্ষা রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জামের (Personal Protection Equipment, PPE) খরচ
- গরম করা, বায়ুচলাচল এবং শীতাতপ নিয়ন্ত্রণের খরচ
- অন্যান্য যন্ত্রপাতি বা সরঞ্জাম খরচ
- COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা প্রোটোকল মেনে চলার জন্য প্রয়োজনীয় সরবরাহ এবং উপকরণ

৪ জুন গভর্নর কুওমো COVID-19 মহামারী সংক্রান্ত ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচির (COVID-19 Pandemic Small Business Recovery Grant Program) অর্থায়ন থেকে কর মকুব করার জন্য আইন প্রণয়নের প্রস্তাব করেছেন। এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development, ESD) একটি ওয়েবসাইট তৈরি করেছে -NYSBusinessRecovery.ny.gov - যেখানে মহামারী থেকে ত্রাণ চায় এমন ক্ষুদ্র ব্যবসাগুলিকে সহায়তা করার জন্য উপলব্ধ বিভিন্ন সংস্থানগুলিকে তুলে ধরার জন্য। ওয়েবসাইটটি ক্রমাগত আপডেট করা হবে যেমন অর্থায়ন সংক্রান্ত আরো বিশদ তথ্য উপলব্ধ হতে থাকবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ড অফ ডিরেক্টরস (Empire State Development Board of Directors) নিউ ইয়র্ক স্টেট ব্যাপী উদ্যোক্তা সহায়তা কেন্দ্র এবং ছোট ব্যবসা উন্নয়ন কেন্দ্রগুলি, 26-টি অতিরিক্ত সাম্প্রদায়িক সংস্থা এবং চেম্বার অফ কমার্সের জন্য প্রযুক্তিগত সহায়তা অনুদান হিসেবে 10 মিলিয়ন মার্কিন ডলার অনুমোদন করেছে যাতে ছোট ব্যবসা এবং অলাভজনক স্বাধীন শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলি বিদ্যমান স্টেট এবং ফেডারেল প্রোগ্রামগুলির মাধ্যমে উপলব্ধ COVID সম্পর্কিত আর্থিক সহায়তা এবং অনুদানগুলি পেতে সহায়তা লাভ করে।

পরিষেবা সরবরাহকারীদের এই নেটওয়ার্কটি ক্ষুদ্র ব্যবসাগুলির সাথে সরাসরি কাজ করবে, উপলভ্য তহবিল উৎসগুলির মাধ্যমে তাদের গাইড করবে এবং তাদের আবেদন প্রক্রিয়াটি নেভিগেট করতে সহায়তা করবে। মহামারীর কারণে অর্থনৈতিক সমস্যা ছোট ও ক্ষুদ্র ব্যবসাগুলিকে অসামঞ্জস্যপূর্ণভাবে

প্রভাবিত করেছে এবং আবেদন প্রক্রিয়া নেভিগেট করা কঠিন হতে পারে - বিশেষত ভাষার বাধার কারণে - এই বিষয়কে স্বীকৃতি দিয়ে অংশীদারগণ এই তহবিলগুলি একজনের সাথে একজন, সরাসরি পরামর্শ পরিষেবার জন্য আরো কর্মী নিয়োগ বা চুক্তিবদ্ধ করার জন্য ব্যবহার করবে।

ইংরেজি ছাড়াও 12টি ভাষায় শিক্ষা উপকরণ ও আবেদনপত্র সরবরাহ করা হবে। এই সহায়তা, বর্ধিত প্রযুক্তিগত সহায়তার কর্মীবল সহ, নিউ ইয়র্ক স্টেটের COVID-19 মহামারী ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার গ্রান্ট প্রোগ্রাম, ফেডারেল আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act) অব 2021 বা অন্য কোনো উপলব্ধ ফেডারেল অর্থনৈতিক পুনরুদ্ধার প্রোগ্রামের মাধ্যমে তহবিলের জন্য আবেদন করতে ব্যবসা এবং সংস্থাগুলিকে আরো ভালোভাবে সহায়তা করার জন্য এই প্রদানকারীদের সাহায্য করবে, যা আমাদের স্টেট এবং স্থানীয় অর্থনীতিকে আরো দ্রুত পুনরুদ্ধার করতে সাহায্য করবে ব্যবসা এবং সম্প্রদায় পুনরায় খোলার সাথে সাথে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন